



WEST BENGAL STATE COUNCIL OF TECHNICAL & VOCATIONAL EDUCATION AND SKILL DEVELOPMENT

[A Statutory Body under West Bengal Act XXVI of 2013]

(Formerly West Bengal State Council of Technical Education)

"Karigori Bhavan", 4th Floor, Plot No. B/7, Action Area-III, New Town, Rajarhat, Kolkata-700160

Memo No. WBSCTVESD/TET/2016-17/678

Date: 22.07.2016

JEXPO, VOCLET এবং PHARMACY ছাত্রছাত্রীদের

বিশেষ অফলাইন কাউন্সেলিং (2016-17 শিক্ষাবর্ষ)

এতদ্বারা সকল JEXPO, VOCLET এবং PHARMACY ছাত্রছাত্রীদের জানানো যাইতেছে যে 2016-17 শিক্ষাবর্ষে বিভিন্ন সরকারি এবং সরকার পোষিত পলিটেকনিকের কিছু খালি আসন ভর্তি করার উদ্দেশ্যে একটি বিশেষ অফলাইন কাউন্সেলিং-এর ব্যবস্থা করা হইয়াছে। প্রবেশিকা পরীক্ষার মেধার ভিত্তিতে এই আসনগুলি ভর্তি করা হইবে এবং আগে অনুর্তিত অনলাইন কাউন্সেলিং-এ কোন বিশেষ শ্রেণীতে (SC, ST ইত্যাদি) বন্টন হওয়া আসনের **Closing Rank** না টপকে এই আসনগুলি বন্টন করা হইবে।

যোগ্যতা: যে সকল ছাত্রছাত্রীরা 2016-17 শিক্ষাবর্ষে অনুর্তিত অনলাইন কাউন্সেলিং-এ অংশগ্রহণ করেছে কিন্তু কোন আসন পায়নি অথবা আসন পেয়েও কোন বিশেষ কারণে ভর্তি হতে পারেনি এবং যাহাদের Rank নীচের টেবিলে উল্লেখিত Eligible Rank-এর মধ্যে, একমাত্র তারাই এই বিশেষ অফলাইন কাউন্সেলিং-এর জন্য বিবেচ্য হইবে।

যে সকল ছাত্রছাত্রীরা আগে অনুর্তিত অনলাইন কাউন্সেলিং-এর মাধ্যমে রাজ্যের কোন একটি পলিটেকনিকে ইতিমধ্যে ভর্তি হইয়াছে তাহারা এই বিশেষ অফলাইন কাউন্সেলিং-এর জন্য বিবেচ্য হইবে না।

Examination (প্রবেশিকা পরীক্ষার নাম)	Eligible Rank Limits (যোগ্য ছাত্রছাত্রীদের Rank)	Date & Time of Reporting (উপস্থিত থাকার দিন ও সময়)	Counseling Venue (কাউন্সেলিং-এর স্থান)
JEXPO	General Rank 1 থেকে 2500	26.07.2016 তারিখ সকাল 9.30 ঘটিকা	West Bengal State Council of Technical & Vocational Education & Skill Development, Kolkata Karigori Bhavan, 110 S.N. Banerjee Road, Kolkata-700013
	General Rank 2501 থেকে 5000	26.07.2016 তারিখ দুপুর 1.00 ঘটিকা	
	General Rank 5001 থেকে 7500	27.07.2016 তারিখ সকাল 9.30 ঘটিকা	
	General Rank 7501 থেকে 10000	27.07.2016 তারিখ দুপুর 1.00 ঘটিকা	
	General Rank 10001 থেকে 12500	28.07.2016 তারিখ সকাল 9.30 ঘটিকা	
	General Rank 12501 থেকে 15000	28.07.2016 তারিখ দুপুর 1.00 ঘটিকা	
	General Rank 15001 থেকে 17500	29.07.2016 তারিখ সকাল 9.30 ঘটিকা	
General Rank 17501 থেকে 20000	29.07.2016 তারিখ দুপুর 1.00 ঘটিকা		
VOCLET	General Rank 1 থেকে 2000	30.07.2016 তারিখ সকাল 9.30 ঘটিকা	
PHARMACY	General Rank 1 থেকে 300	30.07.2016 তারিখ দুপুর 1.00 ঘটিকা	

ইচ্ছুক এবং যোগ্য ছাত্রছাত্রীদের, তাহাদের Rank অনুযায়ী নির্ধারিত নির্দিষ্ট দিনের নির্দিষ্ট সময়ে, কাউন্সেলিং-এর স্থানে উপস্থিত থাকতে হবে এবং সঙ্গে করে প্রবেশিকা পরীক্ষার অ্যাডমিট কার্ড আনতে হবে। কেহ যদি তাহার জন্য নির্দিষ্ট দিনে কাউন্সেলিং-এর স্থানে উপস্থিত থাকতে না পারে তাহলে তাকে পরবর্তীকালে কাউন্সেলিং-এর জন্য বিবেচনা করা হইবে না। **কাউন্সেলিং-এর সময় ছাত্রছাত্রীদের সশরীরে উপস্থিত থাকা বাধ্যতামূলক।** কাউন্সেলিং যাহাতে মসৃণভাবে ও সাফল্যের সহিত সম্পন্ন হইতে পারে সেইজন্য ছাত্রছাত্রীদের এবং তাহাদের অভিভাবকদের কাউন্সেলিং-এর স্থানে যথায়ত নিয়মানুবর্তিতা বজায় রাখতে অনুরোধ করা হইতেছে।

মনে রাখা দরকার যে কাউন্সেলিং-এ অংশগ্রহণ করিলেই আসন প্রাপ্তি নিশ্চিত হয় না। যতক্ষণ পর্যন্ত নির্ধারিত আসন অবন্টিত থাকবে ততক্ষণ কাউন্সেলিং চলবে এবং নির্ধারিত আসন ভর্তি হয়ে গেলে কাউন্সেলিং বন্ধ হয়ে যাবে।

কর্তৃপক্ষ